



স্মারক: ৫৭.১৭.০০০০.৪০২.২৮.২৬.৫৭৫১/৫২৬২

তারিখ: ০৩ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ  
১৯ অক্টোবর, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ এইচ এসসি (বিএমটি) শিক্ষাক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠানের পাঠদানের অনুমোদন কেন বাতিল/প্রত্যাহার করা হবে না মর্মে ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

সূত্র: ১। স্মারক: ৫৭.১৭.০০০০.৪০২.২৮.২৬.৫৪২৫/৫৫৫৮; ২০/৯/২০২৬ ইং তারিখ।  
২। স্মারক: ৫৭.১৭.০০০০.৪০২.২৮.২৬.৫৭১৫/৫৮৫৬; ০৪/১০/২০২৬ ইং তারিখ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি (বিএমটি) শিক্ষাক্রম পরিচালনাকারী ২৬টি প্রতিষ্ঠান (তালিকা সংযুক্ত) বিগত ৩ বছর যাবৎ শিক্ষার্থী ভর্তি কার্যক্রম পরিচালনা করেনি।

২। শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদান অনুমোদনের শর্তাবলীতে উল্লেখ আছে যে, প্রতিষ্ঠানে পর পর ৩ (তিন) বছর শিক্ষার্থী ভর্তি না করলে পাঠদান অনুমোদন বাতিল করা হবে।

৩। এছাড়া, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচ এসসি (বিএমটি) শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত নীতিমালা-২০২০ এর বিধি ৫.৪ মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে প্রতিষ্ঠানের ফলাফল, অবকাঠামো, শিক্ষক-কর্মচারী নিয়োগ, ব্যবস্থাপনা কমিটি, আসবাবপত্র, যন্ত্রপাতি, লাইব্রেরী, পাঠদানের অনুমতি প্রদানকালে আরোপিত এবং অন্যান্য প্রযোজ্য শর্তাবলি পূরণে ব্যর্থ হলে সরকারের অনুমোদনক্রমে বোর্ড প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি বাতিল করতে পারবে।

৪। পর পর ৩ (তিন) বছর শিক্ষার্থী ভর্তি না করা ২৬টি প্রতিষ্ঠানকে গত ২০/০৯/২০২৬ ইং তারিখ ২০২৭-২৮ শিক্ষাবর্ষ হতে ভর্তি কার্যক্রম স্থগিতসহ প্রতিষ্ঠানের পাঠদান অনুমোদন কেন বাতিল/প্রত্যাহার করা হবে না মর্মে ০১/১০/২০২৬ খ্রি. তারিখের মধ্যে ব্যাখ্যা প্রদানের জন্য সূত্রে উল্লেখিত ১নং স্মারক মূলে ওয়েব সাইটে নোটিশ দেওয়া হয়। সূত্রে উল্লেখিত ২নং স্মারক মূলে গত ০৪/১০/২০২৬ ইং তারিখ ২০২৭-২৮ শিক্ষাবর্ষ হতে ভর্তি কার্যক্রম স্থগিতসহ প্রতিষ্ঠানের পাঠদান অনুমোদন কেন বাতিল/প্রত্যাহার করা হবে না মর্মে ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে চাহিত বিষয়ে ব্যাখ্যা প্রদানের জন্য তাগিদপত্র/২য় বার ওয়েব সাইটে নোটিশ দেওয়া হয়। কিন্তু উক্ত বিষয়ে বেশ কিছু প্রতিষ্ঠান অদ্যাবধি কোন প্রকার ব্যাখ্যা প্রদান করেননি।

এমতাবস্থায়, তালিকাভুক্ত যে সমস্ত প্রতিষ্ঠান অদ্যাবধি ব্যাখ্যা প্রদান করেননি তাদেরকে আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে উল্লিখিত বিষয়ে ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ

১। এইচএসসি (বিএমটি) শিক্ষাক্রমের ২৬টি প্রতিষ্ঠানের তালিকা (০১ পাতা)

অধ্যক্ষ  
সংশ্লিষ্ট প্রতিষ্ঠান।

স্বাক্ষরিত/-  
(প্রকৌ. বি এম আমিনুল ইসলাম)  
পরিদর্শক  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।  
ই-মেইলঃ [inspector@bteb.gov.bd](mailto:inspector@bteb.gov.bd)

স্মারক: ৫৭.১৭.০০০০.৪০২.২৮.২৬.৫৭৫১/৫২৬২

তারিখ: ০৩ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ  
১৯ অক্টোবর, ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে না'ও হতে পারে):

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২১০।
২. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. পরিচালক (সকল), আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৪. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. সভাপতি, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান।
৬. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. অফিস কপি।

  
(প্রকৌ. মোঃ নুরুল ইসলাম)  
উপ-পরিদর্শক (ডিপ্লোমা)

রুটিন দায়িত্ব

উপ-পরিদর্শক (বিএমটি)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

Email: [dibmtbteb2023@gmail.com](mailto:dibmtbteb2023@gmail.com)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২১০

• বিগত ০৩ (তিন) বছর শিক্ষার্থী ভর্তি কার্যক্রম পরিচালনা না করা এইচএসসি বিএমটি শিক্ষাক্রমভুক্ত প্রতিষ্ঠানের তালিকা:

| SL | INSTC | Cur | INST_NAME                                                      | ADDRESS                       | POST OFFICE        | UPAZILA           | DISTRICT    |
|----|-------|-----|----------------------------------------------------------------|-------------------------------|--------------------|-------------------|-------------|
| 1  | 13079 | 44  | Ghashipara Business Management College                         | 50/51-Pa, Gashipara           | Upazila Sadar-0000 | Dinajpur Sadar    | Dinajpur    |
| 2  | 13211 | 44  | Chirir Bandar Mahila Technical And BM College                  | Chirir Bandar                 | Chirir Bandar-5240 | Chirirbandar      | Dinajpur    |
| 3  | 15055 | 44  | Ramdas Shibbari Girls (Bm) College                             | Ramdas                        | Borobari-0000      | Lalmonirhat Sadar | Lalmonirhat |
| 4  | 15056 | 44  | Ananda Bazar Bm College                                        |                               | Kalmati-0000       | Lalmonirhat Sadar | Lalmonirhat |
| 5  | 17078 | 44  | Mondoler Bazar Technical School & College                      | Vill-Devichoron               | Rajarhat-0000      | Rajarhat          | Kurigram    |
| 6  | 21188 | 44  | Kochra Badalghata Technical and BM College                     | Kusumba                       | Kusumba-0000       | Manda             | Naogaon     |
| 7  | 23028 | 44  | Bara Bihanali Technical Business Management School and College |                               | Bara Bihanali-0000 | Bagmara           | Rajshahi    |
| 8  | 23276 | 44  | Royal Mohila BM Karigori School and College                    |                               | Kharkhori-0000     | Paba              | Rajshahi    |
| 9  | 23338 | 44  | Narayan Para Women Technical College                           | Roghupara                     | Roghupara-0000     | Bagmara           | Rajshahi    |
| 10 | 24186 | 44  | Mohorkaya Degre College                                        | Billmaria                     | Billmaria-0000     | Lalpur            | Natore      |
| 11 | 24201 | 44  | Kanthalbria Vocational & BM Institute                          | Kanthalbria                   | Laximpurhat-6400   | Natore Sadar      | Natore      |
| 12 | 26030 | 44  | Dhulauri Bilateral High School                                 | Dhulauri, Nurdah,             | Nurdaha-6670       | Santhia           | Pabna       |
| 13 | 26123 | 44  | Lalanshah Ideal Girls Technical College                        |                               | Pakshi-0000        | Jshwardi          | Pabna       |
| 14 | 31019 | 44  | Babukhali Ideal College                                        |                               | Babukhali-0000     | Mohammad pur      | Magura      |
| 15 | 34102 | 44  | Engneer Sheik Mujibur Rahman College                           |                               | Colaroa-0000       | Kalaroa           | Satkhira    |
| 16 | 36080 | 44  | Kohinur Haque Women Technical And Bm College                   |                               | Taitolli-9330      | Sharankhola       | Bagerhat    |
| 17 | 41031 | 44  | Uttampur Technical And Business Management                     |                               | Uttampur-0000      | Rajapur           | Jhalokati   |
| 18 | 45059 | 44  | Tungipara Technical & BM College                               | Tungipara                     | Tungipara-8120     | Tungipara         | Gopalganj   |
| 19 | 47018 | 44  | F. K Technical And Business Mangement Mohila College           |                               | Goalanda-0000      | Goalanda          | Rajbari     |
| 20 | 49018 | 44  | Munshiganj Technical And B. M. College                         |                               | Munshiganj-0000    | Munshiganj Sadar  | Munshiganj  |
| 21 | 50081 | 44  | Metropolitan Technical And Business Management                 | 575/2-A, Nayatoal             | Maghbazar-0000     | Ramna Thana       | Dhaka       |
| 22 | 50151 | 44  | Mohanagar Teachers' Training College                           | 186/A, New Paltan Line (4th   | Azimpur-0000       | Lalbagh Thana     | Dhaka       |
| 23 | 51019 | 44  | Ivds Technical And Business Management College                 | 17/1, Azam Vila, Khanpur Main | Narayanganj-0000   | Narayanganj Sadar | Narayanganj |
| 24 | 55173 | 44  | Advocate Nurul Islam Technical And B.M College                 | Dewanganj                     | Dewanganj-2030     | Dewanganj         | Jamalpur    |
| 25 | 65159 | 44  | Al-Haj Noor Mia Degre College                                  | Kankapyt                      | Kankapyt-0000      | Chauddagram       | Cumilla     |
| 26 | 74022 | 44  | Leadership University College                                  |                               | Gorakghata-0000    | Maheshkhali       | Cox's Bazar |